

মুগ্ধত্ব

কুবিতে ছাত্রলীগের ওপর ছাত্রদলের সহায়তায় হামলা

কুমিল্লা বুরো ও কুবি প্রতিনিধি

০৯ মার্চ ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) আধিপত্য বিস্তার নিয়ে স্থানীয় ছাত্রদল নেতা ও বহিরাগতদের সহযোগিতায় তিন ছাত্রলীগ নেতার ওপর হামলা চালিয়েছে কুবি ছাত্রলীগের একটি গ্রুপ। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের আল আমিন কনফেকশনারিয়ে সামনে এ ঘটনা ঘটে।

মহানগর ছাত্রদলের ২৪ নম্বর ওয়ার্ডের নেতা রানি মজুমদার এবং ছাত্রলীগ নেতা বিপ্লব চন্দ্র দাস, কুবির অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষার্থী কাওসার হোসেনের সহযোগিতায় এ হামলা চালানো হয় বলে অভিযোগ উঠেছে। এ ঘটনার প্রতিবাদে বিকালে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে কুবি শাখা ছাত্রলীগ। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

জানা গেছে, কুবিতে আধিপত্য বিস্তার নিয়ে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে দ্বন্দ্ব চলছিল। বুধবার দুপুরে বিভিন্ন হল ছাত্রলীগের কয়েকজন নেতা আল আমিনের দোকানে বসেছিলেন। এ সময় পূর্ব বিরোধের জেরে স্থানীয় ছাত্রদলের একটি গ্রুপ নিয়ে কুবি ছাত্রলীগ নেতা রেজা-ই-এলাহী সমর্থিত ১০-১২ নেতাকর্মী তাদের ওপর অতর্কিত হামলা চালায়। এতে শহিদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের ছাত্রলীগের সাধারণ সম্পাদক এনায়েত উল্লাহ, যুগ্ম-সাধারণ সম্পাদক সালমান হুদয় ও বিজ্ঞান অনুষদ ছাত্রলীগের সহ-সভাপতি সাইদুল ইসলাম রোহান আহত হন। রোহানের হাত ভেঙে গেলে তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এদিকে হল থেকে বের করে দেওয়ার জেরে এ ঘটনায় ভারপ্রাপ্ত প্রষ্টর কাজী ওমর সিদ্দিকী রানারও যোগসাজশের দাবি করে তার পদত্যাগের দাবিতে কুবির গেটে অবস্থান নেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের নেতাকর্মীরা।

অভিযোগ অস্বীকার করে প্রষ্টর (ভারপ্রাপ্ত) সিদ্দিকী বলেন, এসব বিষয়ে আমার কোনো ইন্সন্স নেই। যারা এমনটি বলছে, তাদের এটি প্রমাণ করতে হবে। বিপ্লব চন্দ্র দাস এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি। ভুক্তভোগী সালমান বলেন, পরিকল্পিতভাবে আমাদের ওপর হামলা করা হয়।

কাজী নজরুল ইসলাম হল ছাত্রলীগের সাবেক সভাপতি ইমরান হোসেন বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের ইন্সন্স নে তারা আমাদের ওপর হামলা চালিয়েছে। আধা ঘণ্টার মধ্যে সমাধান না হলে আমরা প্রষ্টরের পদত্যাগ চাই।

কেটবাড়ি পুলিশ ফাঁড়ির পরিদর্শক এসএম আতিকউল্লাহ বলেন, বিষয়টি নিয়ে আমি উপাচার্য স্যারের সঙ্গে কথা বলেছি। বহিরাগতদের আমরা দ্রুত গ্রেফতার করব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

⑤ সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023